

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া  
তথ্য ও অভিযোগ শাখা



তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি মোঃ শাহগীর আলম  
জেলাপ্রশাসক  
সভার তারিখ ১৯ ফেব্রুয়ারি, ২০২৩  
সভার সময় ১১.৪৫ ঘটিকা  
স্থান জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া।  
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। তথ্য অধিকার আইন, ২০০৯ এর লক্ষ্য এবং আইনে প্রদত্ত সেবাসমূহ যেন জনগণ সহজে পেতে পারে সে বিষয়ে সকল সরকারি/বেসরকারি দপ্তরের ভূমিকা ও করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্যসূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ।	তথ্য অধিকার আইন ও এ সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান, জনগণের তথ্য অধিকার সেবা নিশ্চিতকরণের নিমিত্ত এবং তথ্য অধিকার আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের এবং উপজেলা কমিটির সভার কার্যবিবরণী তথ্য কমিশনসহ অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা এবং উপজেলা কমিটি।
০২.	তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।	তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি-বিধান অনুসারে তথ্য প্রদানের বিষয়ে সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) তথ্য প্রদানকারী ইউনিটের কর্মকর্তা (সকল)
০৩	জেলার সকল দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগ এবং তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।	তথ্য অধিকার আইন বাস্তবায়নের নিমিত্ত জনসাধারণকে সঠিকভাবে তথ্য প্রদান ও সেবা নিশ্চিতকরণে জেলার আওতাধীন সকল দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগপূর্বক তাদের তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর প্রধান (সকল), ব্রাহ্মণবাড়িয়া উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
০৪.	জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি এবং বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা এবং উপজেলা কমিটি।
০৫.	তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটির কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান।	উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত সভা, সেমিনার, উঠান বৈঠকসহ সমাবেশে তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে আলোকপাত করতে হবে। এছাড়া ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে তথ্য অধিকার বিষয়ে জনগণকে সচেতন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি।
০৬.	বিবিধ	তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত বিষয়াদি সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলার আওতাধীন এনজিওসমূহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) সহ অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের সংযুক্ত করে সভা/উঠান বৈঠক আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	সংশ্লিষ্ট এনজিও প্রতিষ্ঠান (সকল), ব্রাহ্মণবাড়িয়া

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম  
জেলাপ্রশাসক

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) সচিব (রুটিন দায়িত্ব), সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৪) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৭) উপপরিচালক, ....., ব্রাহ্মণবাড়িয়া।
- ৮) জেলা....., কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
- ৯) উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ১০) জনাব....., সদস্য, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি, ব্রাহ্মণবাড়িয়া।
- ১১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১২) অফিস কপি।



মোঃ শাহগীর আলম  
জেলাপ্রশাসক